



মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৮/ ৭০০২

তারিখঃ ২৫ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ
০৯ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

চর কলাকোপা কারামতিয়া কামিল মাদরাসা, ডাকঘরঃ কারামতিয়া মাদ্রাসা, উপজেলাঃ রামগতি, জেলাঃ লক্ষ্মীপুর-এর কামিল (স্নাতকোত্তর) হাদীস বিভাগ অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৯.১০.২০১৮ খ্রিঃ তারিখের আবেদনের প্রেক্ষিতে ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে মাদরাসাটির কামিল (স্নাতকোত্তর) হাদীস বিভাগ নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০১৯ খ্রিঃ থেকে ৩০.০৬.২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

শর্তসমূহ :

- ১। দরখাস্তের মাধ্যমে ছুটি মঞ্জুর করতে হবে।
- ২। অধ্যক্ষ, উপাধ্যক্ষের জন্য সুসজ্জিত কক্ষ ও পরিপাটি শিক্ষক মিলনায়তনের ব্যবস্থা করতে হবে।
- ৩। জমির হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে।
- ৪। ছাত্রীদের টয়লেট সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং তাদের নামাজের স্থান ও কমনরুমের ব্যবস্থা করতে হবে।
- ৫। ক্যাশ বইয়ে আয়-ব্যয়ের হিসাব হালনাগাদ রাখতে হবে।
- ৬। শ্রেণিকক্ষে মূল কিতাব/বইয়ের ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ৭। ইসলামি নিয়ম ও অনুশাসন মেনে চলতে শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে।
- ৮। নিয়মিত ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ভিজিট করতে হবে।
- ৯। ফাজিল ও কামিল স্তরের শিক্ষার্থীদের উপস্থিতি বৃদ্ধি করতে হবে।
- ১০। আরবি ভাষা চর্চায় শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করতে হবে।
- ১১। সকল স্তরের শিক্ষার্থীদের বিগ্ধভাবে কুরআন তেলাওয়াতের প্রশিক্ষণ দিতে হবে।
- ১২। অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে


০৭. ০৭. ২০১৯

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

অধ্যক্ষ

চর কলাকোপা কারামতিয়া কামিল মাদরাসা

ডাকঘরঃ কারামতিয়া মাদ্রাসা, উপজেলাঃ রামগতি, জেলাঃ লক্ষ্মীপুর।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইফাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, মাউশি, আব্দুল গণি রোড, ঢাকা-১২১১।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৪। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কাউন্সিলের সভায় রিপোর্ট করার জন্য)।
- ৫। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, চর কলাকোপা কারামতিয়া কামিল মাদরাসা, ডাকঘরঃ কারামতিয়া মাদ্রাসা, উপজেলাঃ রামগতি, জেলাঃ লক্ষ্মীপুর।
- ৮। অফিস নথি।

অধি/নবায়ন/ফাইল নং-চট্টগ্রাম-২৬৪